বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
ছাগলনাইয়া,ফেনী।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নয়ন

স্মারক নং-৪৬.০২.৩০১৪.০০০.০৬.০০৬.২০- ৫৭৯

তারিখঃ ২৫/০৯/২০২১

প্রতি,
উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ার (সকল)
ও
কার্যসহকারী (সকল) , অত্র দপ্তর

বিষয়ঃ সড়কের কাজের গুনগত মান নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত উপজেলায় সড়কের উন্নয়ন কাজের গুনগত মান নিশ্চিতকরণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরন করতে হবে।

১। রাস্তার বক্স একসাথে বেশী কাটা যাবেনা। যতটুকু যথাযথ ভাবে ব্যাস্থাপনা করা সম্ভব ততটুকু কাটতে হবে। বক্স কাটার পর অবশ্যই সরজমিনে পরিদর্শন করতে হবে। কেবলমাত্র সরজমিনে পরিদর্শন পূর্বক সঠিক পরিমাপ পাওয়া সাপেক্ষে পরবর্তী কাজ শুরু করা যাবে।

২। Improved Sub-Grade (ISG) সঠিকভাবে Compaction করতে হবে। Improved Sub-Grade (ISG) এর থিকনেস এবং বালুর FM সঠিক কিনা তা নিশ্চিত করতে হবে।

৩। Sub-Base এর ম্যাটেরিয়ালস যথাযথ রেশিও অনুসারে পূর্বে মিশ্রন করে সড়কের বেড এ দিতে হবে। এক্ষেত্রে সঠিক proportion অনুসারে মিশ্রন এবং বালুর FM সঠিক কিনা তা নিশ্চিত করতে হবে।

৪। অন্যস্থান হতে Brick Chips সাইটে আনা যাবেনা বরং সাইটে Picket এনে ভাঙ্গতে হবে এবং Sub-Base ও WBM এর খোয়ার সাইজ Specification অনুসারে হতে হবে।

৫। Water Bound Macadam (WBM) দুই লেয়ারে Compaction করতে হবে।

৬। সড়কের Widening অংশে কাজ করার ক্ষেত্রে Widening অংশে WBM এর কাজ সমাপ্ত করে Compaction করার পর, Hard-Bed এর কাজ শুরু করতে হবে। কোন অবস্থাতেই Widening অংশে WBM এর কাজ শেষ করার পূর্বে Hard-Bed শুরু করা যাবেনা।

৭। Prime Coat করার পুর্বে বেড ভালোভাবে পরিষ্কার করতে হবে এবং Prime Coat করার কমপক্ষে ২৪ ঘন্টা পর Prime Coat শুকালে কার্পেটিং করতে হবে।

৮। বিটুমিন সাইটে আনার পর অত্র দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে সাইট হতে বিটুমিন সংগ্রহ করে নির্বাহী প্রকৌশলী কার্যালয়ে ল্যাবরেটরি টেস্ট এর জন্য প্রেরন করতে হবে।

৯। Specification অনুসারে সাইটে মজুদকৃত পাথর অত্র দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে Specification অনুসারে পাথর মিক্সিং করতে হবে। কোন অবস্থাতেই কোন প্রতিনিধির অনুপস্থিতিতে পাথর মিক্সিং করা যাবেনা।

১০। কার্পেটিং কাজের জন্য অবশ্যই সাইটে পরিমিত Dust মজুদ করতে হবে। সাইটে Dust নিয়ে আসার পরেই শুধুমাত্র কাজ শুরুর অনুমতি প্রদান করা হবে।

১১। বিটুমিন ও পাথর আলাদা আলাদা গরম করে ডেড চুলায় মেশাতে হবে। অবশ্যই ১০০% ডেড চুলার ব্যবহার করে কাজ করতে হবে।

১২। কোন অবস্থাতেই বৃষ্টিতে কার্পেটিং কাজ করা যাবেনা। বৃষ্টি হলে রাস্তার Bed সম্পূর্ণ শুকানোর পর কাজ করতে হবে।

১৩। Palisading এ ব্যবহৃত Guide Post,Construction site অথবা Stroke Yard এ অত্র দপ্তরে সংশ্লিষ্ট কাজের উপ-সহকারী প্রকৌশলীর পরামর্শক্রমে এবং সার্বক্ষণিক তদারকির দায়িত্বে নিয়োজিত কার্য-সহকারীর তত্ত্বাবধায়নে স্পেসিফিকেশন অনুযায়ী তৈরী করতে হবে।

এমতাবস্থায়,উপরে উল্লেখিত নির্দেশনাবলী অনুসরন করে যথাযথ Specification মোতাবেক কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ইহার ব্যতিক্রম হইলে ব্যবস্থা গ্রহন করা হইবে।

(মোঃতৌহিদুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ছাগলনাইয়া,ফেনী।
ue.chhagalniya@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৩০১৪.০০০.০৬.০০৬.২০-৫৭৯/২(৭)

তারিখঃ ২৫/০৯/২০২৫ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,এলজিইডি,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,এলজিইডি,নোয়াখালী অঞ্চল,নোয়াখালী।
৩। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি,ফেনী।
৪। চেয়ারম্যান,উপজেলাপরিষদ,ছাগলনাইয়া,ফেনী।
৫। উপজেলা নির্বাহী অফিসার,ছাগলনাইয়া,ফেনী।
৬। মেসার্স-------------------------------------------------------------
৭। অফিস কপি।

(মোঃতৌহিদুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ছাগলনাইয়া,ফেনী।